সংবাদ

তারিখ 31 JAN 2008
পৃষ্ঠা ৪ কলাম ৭

26 Report

# উলিপুরে মাদ্রাসা অধ্যক্ষের বিরুদ্ধে অর্থ আত্মসাৎ ও স্বেচ্ছাচারিতার অভিযোগ

প্রতিনিধি, উলিপুর (কুড়িগ্রাম)

উলিপুর উপজেলার উমানন্দ আদর্শ দাখিল মাদ্রাসার সুপারের বিরুদ্ধে স্বেচ্ছাচারিতা, বিধি বহির্ভূতভাবে অতিরিক্ত শিক্ষক নিয়োগ করে সরকারি অর্থ অপচয়, শিক্ষক হয়রানি উৎকোচ আদায়সহ নানা দুর্নীতির অভিযোগ পাওয়া গেছে। নির্যাতিত ও হয়রানির শিকার শিক্ষক নূরুল ইসলাম সরকার ও আয়নাল হকের লিখিত অভিযোগ সূত্রে বলা হয়। সুপার মাওলানা মতিয়ার রহমান দীর্ঘদিন ধরে খেয়াল খুশি মতো মাদ্রাসার কার্যক্রম চালিয়ে আসছেন। অভিযোগকারী দুই শিক্ষক অন্যায়ের প্রতিবাদ করায় এবং সুপারকে উৎকোচ না দেয়ায় তাদের পদোন্নতির পরিবর্তে ডিমোশন দিয়ে নিম্ন স্কেলে বেতন

এছাড়া শিক্ষক আয়নাল হক বাদি হয়ে কুড়িগ্রাম সহকারী জজকোর্টে একটি মামলা করেছেন। অপরদিকে সুপার সরকারি বিধি উপেক্ষা করে ১৮ জন শিক্ষকের স্থলে অতিরিক্ত ১ জন শিক্ষক নিয়োগ করে সরকারি অর্থ অপচয় করছেন। অতিরিক্ত ১ জন শিক্ষকের পরেও মাদ্রাসায় অদক্ষ শিক্ষক থাকার কথা বলে সুপার শিক্ষকদের কাছ থেকে প্রতি মাসে জনপ্রতি ৬০ টাকা করে আদায় করে। একজন খণ্ডকালীন শিক্ষক নিয়োগ করেছেন। একজন কম্পিউটার শিক্ষক থাকলেও মাদ্রাসায় তার কোন কার্যক্রম নেই। তিনি দীর্ঘদিন ধরে বেতন নিচ্ছেন। এ ব্যাপারে মাদ্রাসার সুপার মাওলানা মতিয়ার রহমানের সঙ্গে যোগাযোগ করা হলে তিনি জানান, আয়নাল হকের হাতে সেসব কাগজ